



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাখি/বি/৪৯/নতুন/টা/ ১৪২৫

তারিখ: ২৬/০২/২০২২

বিষয় : বিদ্যালয়ের নিম্নমাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

- সূত্র :
- ১। বোর্ডের ১৫/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে মঙ্গুরী কমিটির সভার সুপারিশ।
 - ২। ১৫/১২/২০২২ তারিখে মঙ্গুরী কমিটির সভার সুপারিশের ভিত্তিতে ২০/১২/২০২২ তারিখের ২২৫ তম বোর্ড সভায় অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে নিম্নোক্ত শর্তসমূহের অধীনে 'নূরজাহান খসরু আদর্শ উচ্চ বিদ্যালয় -এ ০১/০১/২০২৩খ। থেকে পরবর্তী ০৩ (তিনি) বছরের জন্য নিম্নমাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান করা হলো। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠ্যদান করতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের মধ্যে পরবর্তী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

শর্তসমূহ :

- ১। এ অঙ্গুরী স্বীকৃতি প্রদানের ফলে সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না।
- ২। নীতিমালা অনুযায়ী সঠিক পরিমাণে জমি থাকতে হবে এবং উক্ত জমিতে ভবন নির্মান করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। কোন অবস্থায় ভাড়াকৃত বাড়িতে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে না;
- ৩। ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের জন্য মন্ত্রণালয়ের ৩০/১০/২০২২ তারিখের প্রজ্ঞাপনের আলোকে নিম্নমাধ্যমিক স্তরের জন্য ২৫,০০,০০০ (পঁচিশ লক্ষ) টাকা মৌখিকভাবে [(১) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ ম্যানেজিং কমিটির সভাপতি (২) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমা রাখতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে;
- ৪। বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক সুপারিশ ব্যতিত কোন শিক্ষক নিয়োগ দেওয়া যাবে না।
- ৫। বিদ্যালয়ের নামে অনুমোদনহীন কোন ক্যাম্পাস বা ব্রাউঞ্জ খোলা যাবে না।
- ৬। ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।
- ৭। বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করা যাবে না।
- ৮। বিদ্যালয় পাঠাগারে, মানসম্মত বিষয়ভিত্তিক আরো ২০,০০০/- (বিশ হাজার) টাকার বই ক্রয় করতে হবে এবং শিক্ষার্থীদের জন্য প্রসারের লক্ষ্যে তাদের নিকট নিয়মিত বই সরবরাহ করে পাঠ্য্যাস গড়ে তোলার জন্য উৎসাহিত করতে হবে।
- ৯। খেলাধুলার মাঠ উন্নয়নসহ বিদ্যালয় আঙ্গনায় ফুলের বাগান তৈরী এবং বিদ্যালয়ের চারপাশে অধিক সংখ্যক মূল্যবান গাছের চারা রোপন করে বিদ্যালয়ের সৌন্দর্য ও আয় বৃদ্ধির ব্যবস্থা করতে হবে।
- ১০। বিদ্যালয়ে স্কাউটিং/গার্লস গাইড প্রবর্তন করে নিয়মিত খেলাধুলা, বিতর্ক প্রতিযোগিতা, সাংস্কৃতিক কার্যক্রমসহ অন্যান্য সহপাঠ্যক্রম কার্যাদির বার্ষিক রিপোর্ট জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে বোর্ডে পাঠাতে হবে।
- ১১। বেসরকারি বিদ্যালয়ের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে এবং কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যেকোন সময় এ অনুমোদন বাতিল করতে পারে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর মোহাম্মদ আবুল মন্তুর ঝুঁঝা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ০২-৫৮৬১০০৬৯

ইমেইল: is@dhakaeducationboard.gov.bd

প্রাপক: প্রধান শিক্ষক

নূরজাহান খসরু আদর্শ উচ্চ বিদ্যালয়।

পো: কালিহাতী, উপজেলা: কালিহাতী

জেলা: টাঙ্গাইল।

মেমো নং- > ৪২০ (>২)

তারিখ: ২৬/০২/২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যোতিত ভিত্তিতে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত্র, ঢাকা।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ৬। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৭। জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতী, টাঙ্গাইল।
- ৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য)।
- ১০। সভাপতি, পরিচালনা কমিটি, নূরজাহান খসরু আদর্শ উচ্চ বিদ্যালয়।
- ১১। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১২। অফিস কপি।

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।



বিদ্যালয় পরিদর্শক

২৬/০২/২০২২